

শীমের জাব পোকা

পোকা পরিচিতি:

জাব পোকা শীমের একটি অত্যন্ত ক্ষতিকর পোকা। এই পোকা আকারে ছোট, দেহ নরম ও নাশপাতি আকৃতির এবং পা ও শুঙ্গ লম্বাকৃতির হয়। এরা কান্ড, পাতা এবং ডগা থেকে রস শোষণ করে খায়। এদের বংশবৃদ্ধি করার ক্ষমতা খুব দ্রুত তাই এরা গাছে আক্রমণ করলে ফলনের মারাত্মক ক্ষতি হয়ে থাকে।

ক্ষতির লক্ষণ:

জাব পোকা অপ্রাপ্ত বয়স্ক এবং প্রাপ্ত বয়স্ক উভয় অবস্থাতেই গাছের নতুন ডগা, পাতা, ফুল, ফল ইত্যাদির রস চুষে খায়। এই পোকাকার আক্রমণের ফলে গাছের পাতা হলুদ হয়ে যায় এবং গাছের কচি পাতা ও ডগার রস চুষে খাওয়ার কারণে গাছ দুর্বল হয়ে যায়। আক্রমণ বেশী হলে গাছে শুটিমোল্ড ছত্রাকের উপস্থিতি ঘটে এবং গাছ মারা যায়।



ছবি: জাব পোকা ও আক্রান্ত গাছ

সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা:

- ১। সুশ্রম সার ব্যবহার করতে হবে এবং অতিরিক্ত নাইট্রোজেন সার প্রয়োগ বন্ধ করতে হবে কারণ অতিরিক্ত নাইট্রোজেন সার প্রয়োগে পোকাকার অধিক বংশবৃদ্ধি স্বরাস্থিত হয়।
- ২। হাত দ্বারা আক্রান্ত পাতা, ডগা, ফুল, ফলসহ পোকা সংগ্রহ করে মেরে ফেলতে হবে।
- ৩। জমিতে পরভোজী পোকা যেমন: লেডি বার্ড বিটল লালন করতে হবে।
- ৪। নীম বীজের শাঁস পিষে পানিতে মিশিয়ে স্প্রে করে এদের দমন করা যায়।
- ৫। প্রতি লিটার পানিতে ২৫ মি.লি. তরল সাবান (ডিটারজেন্ট) মিশিয়ে স্প্রে করে এদের দমন করা যায়।
- ৬। আক্রমণের মাত্রা বেশী হলে এব্যামেকটিন (১%) + এসিটামিপ্রিড (৩%) গ্রুপের বেকটিন ৪ ইসি বা রিং টোন ৪ ইসি বা এবাসিড ৪ ইসি .৫ মি.লি. প্রতি লিটার পানিতে অথবা এডমেয়ার.৫ মি.লি. প্রতি লিটার পানিতে হারে মিশিয়ে শেষ বিকেলে স্প্রে করতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন